**৫)ঘ) ভিখারির মতে, দেবতার ঠাঁই এ জগতের সকল স্থানে এই মত কি সমর্থন করো? কেন?**

**উঃ হ্যাঁ, আমি এই মতকে সমর্থন করি।**

**কবি সত্যেন্দ্রনাথ দত্তের লেখা "দেবতার ঠাঁই" কবিতায় ভিখারি যখন বলে, "এ জগতে সকলি যে দেবতার ঠাঁই "তখন তিনি মূলত বলেছেন যে, দেবতা শুধু মন্দির বা পূজা মন্দিরে সীমাবদ্ধ নয় । দেবতা সর্বত্র বিরাজমান,প্রকৃতির সকল সৃষ্টিতে ,প্রতিটি মানুষের মনে। তিনি মানুষের হৃদয়ের ভালোবাসা, করুণা এবং দয়া -ই দেবতার প্রকাশ বলে মনে করেন।**

**খ) দেবতার আসল ঠাঁই কোথায়? কবিতাটি পড়ে যা বুঝলে তা লেখো।**

**উঃ কবি সত্যেন্দ্রনাথ দত্তের লেখা 'দেবতার ঠাঁই' কবিতায় পূজারি ও ভিখারির মধ্যে যে কথোপকথন চলে তা পড়ে আমরা বুঝলাম - ঈশ্বর সমগ্র বিশ্ব বা জগতের সৃষ্টিকর্তা বিশ্বের প্রতিটি বস্তু কণাতেই তিনি অবস্থান করেন । তবে প্রকৃতপক্ষে দেবতার আসল ঠাঁই হলো মানুষের অন্তরে, অন্তরে ঈশ্বরকে উপলব্ধি করলেই জগতের সমস্ত বস্তুতেই তাঁকে উপলব্ধি করা যায়।**